

আক্কেলপুরের কানুপুর স্কুল

জেএসসির ফরম পূরণে অতিরিক্ত টাকা আদায়

আক্কেলপুর (জয়পুরহাট) প্রতিনিধি ১২ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

অ- অ অ+

জয়পুরহাটের আক্কেলপুরের কানুপুর উচ্চ বিদ্যালয়ে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ উঠেছে।

অভিযোগ পাওয়া গেছে, রাজশাহী শিক্ষা বোর্ড ফি ১৩২ টাকা নির্ধারণ করলেও কানুপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে ৩৫০ টাকা করে আদায় করা হয়েছে। স্কুলটি থেকে এ বছর ১২০ জন জেএসসিতে অংশ নেবে।

আব্দুর রহিম বলেন, ‘আমার নাতি এবার জেএসসি পরীক্ষা দেবে। ফরম পূরণের জন্য স্কুল কর্তৃপক্ষকে ৩৫০ টাকা দিতে হয়েছে।’

এ বিষয়ে স্কুলটির প্রধান শিক্ষক এ কে এম মোস্তাফিজার রহমান রানা বলেন, ‘স্কুল পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী জেএসসির ফরম পূরণের টাকা নির্ধারণ করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীকে এ টাকার রসিদও দেওয়া হয়েছে। বাড়তি যে টাকা আদায় হয়েছিল তা দিয়ে স্কুলের উন্নয়নমূলক কাজ করা হয়েছে।’

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এ টি এম জিল্লুর রহমান বলেন, ‘অতিরিক্ত ফি আদায়ের কথা শুনেছি। কিন্তু এখনো কোনো অভিভাবক আমাকে লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।’